

শিক্ষা ভবনে ৬০ লাখ টাকার টেন্ডার ঠিকাদারদের মারধর করে জমা দিতে দেয়নি এক সাংসদের ভাই

নিজের বার্তা পরিবেশক ৪ ৬০ লাখ টাকার একটি টেন্ডার জমাদানকে কেন্দ্র করে শিক্ষা ভবনে বুধবার ঢাকার এক সাংসদের ভাইয়ের নেতৃত্বে ২০/২৫ জন সন্ত্রাসীদের হামলায় ৪/৫ জন ঠিকাদারসহ শিক্ষা ভবনের কয়েকজন কর্মচারী আহত হয়েছেন। গতকাল বিকেলে শিক্ষা ভবনের ৯ তলায় এ ঘটনা ঘটে। শিক্ষা ভবন সূত্রে

জানা গেছে, নগরীর শেরেবাংলা নগরের সন্নীত বিদ্যা কলেজের কম্পিউটার ট্রেনিং সেন্টার নির্মাণের ৬০ লাখ টাকা টেন্ডার জমা দেয়ার জন্য কয়েকজন ঠিকাদার হাজির হন। বিকেল ৩টায় ঢাকার এক সাংসদের ভাইয়ের নেতৃত্বে ২০/২৫ জন সন্ত্রাসী ঠিকাদারদের ওপর হামলা চালায় এবং শিক্ষা ভবনে ঠিকাদারদের আসতে দেয়ায় কর্মচারীদের মারধর করে। আহত ২ ঠিকাদারকে নগরীর একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। সন্ত্রাসীরা কর্মকর্তাদের হুমকি দেয়। উল্লেখ্য, আজ টেন্ডার জমা দেয়ার শেষ দিন ছিল।

মারধর : পৃঃ ১১ কঃ ১

মারধর ঃ ঠিকাদারদের

(১২ পৃষ্ঠার পর)

হামলার পর টেন্ডার জমা দেয়ার তারিখ ১৫ দিন পিছিয়ে দেয়া হয়েছে। হামলার কারণ সম্পর্কে জানা গেছে, টেন্ডার জমাদানে নিজের একাধিপত্য প্রতিষ্ঠার জন্যই গতকাল এ হামলা হয়েছে। ঘটনার পর শিক্ষা ভবনের কর্মকর্তা-কর্মচারীরা আতঙ্কে রয়েছেন।

...বম্বা থানা পুলিশ জানায়, এ ঘটনার পর গতকাল রাত ৯টা পর্যন্ত হামলা হয়নি।